



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)  
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)  
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০  
www.bac.gov.bd




স্মারক: বিএসি/প্রশাসন/উদ্ভাবন/২০২১/৫২৮৯

তারিখ: ১১ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ  
২৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

উচ্চ শিক্ষার মানমোয়ন ও অ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল কর্তৃক অনলাইনে আয়োজিত সভা/ওয়ার্কশপ/প্রশিক্ষণের অংশগ্রহণকারীদের ভাতা/সম্মানী স্ব-স্ব অংশগ্রহণকারীগণকে চেকের পরিবর্তে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অংশগ্রহণকারীদের নিজ নিজ ব্যাংক হিসাবে প্রদান করার জন্য কাউন্সিল হতে একটি ইফটি ডাটাসিট প্রস্তুত করা হয়েছে। এখন থেকে প্রস্তুতকৃত ডাটাসিট ব্যবহার করে অনলাইনে আয়োজিত সভা/ওয়ার্কশপ/প্রশিক্ষণের অংশগ্রহণকারীগণের ভাতা/সম্মানী ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অংশগ্রহণকারীদের নিজ নিজ ব্যাংক হিসাবে প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


সংযুক্ত: EFT ডাটা সিট।

  
(মোহাম্মদ তাজিব উদ্দিন)  
পরিচালক

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল  
ফোন: ০২-২২২২২৪১৬৯

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পূর্ণকালীন সদস্য (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
- ২। পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
- ৩। একান্ত সচিব, চেয়ারম্যান দপ্তর (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা;
- ৪। অফিস কপি।



## বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা

সহজিকৃত সেবার শিরোনাম: বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল কর্তৃক আয়োজিত অনলাইন সভা/ওয়ার্কশপ/প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের ভাতা/সম্মানী ইএফটি প্রক্রিয়ার মাধ্যমে প্রেরণ।

### সেবাটি সহজিকরণের যৌক্তিকতা।


উচ্চ শিক্ষার মানোন্নয়ন ও অ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল দেশ ব্যাপী বিস্তৃত সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের অংশগ্রহণে নিয়মিতভাবে সভা/ওয়ার্কশপ/প্রশিক্ষণ আয়োজন করছে। বিএসি'র এই সকল সভা/ওয়ার্কশপ/প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের ভাতা/সম্মানী স্ব-স্ব অংশগ্রহণকারীকে চেকের মাধ্যমে প্রদান করা হতো যা জটিল, সময় সাপেক্ষ, ব্যয়বহুল ও যাতায়াত নির্ভর। উক্ত ভাতা/সম্মানী ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অংশগ্রহণকারীদের নিজ নিজ ব্যাংক হিসাবে আরও সহজে এবং দ্রুততার সাথে প্রদান করার জন্য সেবাটি সহজিকরণ প্রয়োজন।

### বিদ্যমান সমস্যা:

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের উদ্যোগে অনলাইনে নিয়মিত সভা/সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করা হয়। উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের অংশগ্রহণে আয়োজিত সভা/সেমিনার/ওয়ার্কশপের সম্মানী/ভাতা চেকের মাধ্যমে ডাক যোগে প্রদান করায় সময় অপচয়, অধিক পরিশ্রম ও বিলম্বজনিত সমস্যাসহ বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়। এছাড়া উক্ত পদ্ধতিতে প্রেরিত চেক যথাসময়ে গ্রাহকগণ তাদের ব্যাংকে জমা করেন না বিধায় সঠিক সময়ে ক্লিয়ারিং না হওয়ায় কাউন্সিলের ব্যাংক হিসাবের সাথে নগদান হিসাবের সমন্বয়ের ক্ষেত্রে সমস্যা দেখা দেয়।

### সেবাটি সহজিকরণের পরে প্রাপ্ত সুবিধা:

- স্বল্প সময়ে প্রকৃত প্রাপকের নিকট অর্থ পৌঁছানো;
- কাউন্সিলের কর্মকর্তা-কর্মচারীগণের দাপ্তরিক সময় সাশ্রয়;
- কাউন্সিলের ব্যাংক হিসাব রিকনসিলেশন সহজ;
- ডাক বিভাগের সময় সাশ্রয়;
- গ্রাহকের যাতায়াত হ্রাস;
- গ্রাহকের সময় সাশ্রয়;

  
২৪/০২/২২

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা

প্রসেস ম্যাপ

বিদ্যমান প্রক্রিয়ায় চেকের মাধ্যমে প্রশিক্ষণ/কর্মশালার অংশগ্রহণকারীগণের নিকট অর্থ প্রেরণের ক্ষেত্রে	ইএফটি পদ্ধতিতে প্রশিক্ষণ/কর্মশালার অংশগ্রহণকারীগণের নিকট অর্থ প্রেরণের ক্ষেত্রে
প্রাপ্তি স্বীকারপত্র অংশগ্রহণকারীগণের ঠিকানায় ডাকযোগে প্রেরণ (১ দিন)	প্রাপ্তি স্বীকারপত্র ও ইএফটি তথ্যছক অংশগ্রহণকারীগণের ঠিকানায় ই-মেইলে প্রেরণ (১ দিন)
প্রাপ্তি স্বীকারপত্র গ্রহণ ও স্বাক্ষরপূর্বক ডাকযোগে কাউন্সিলে প্রেরণ (১ দিন)	প্রাপ্তি স্বীকারপত্র গ্রহণ ও স্বাক্ষরপূর্বক ই- মেইলে কাউন্সিলে প্রেরণ (১ দিন)
কাউন্সিল কর্তৃক প্রাপ্তি স্বীকারপত্র গ্রহণ (১ দিন)	প্রাপ্তি স্বীকারপত্রসমূহ জমাকরণ (২ দিন)
প্রাপ্তি স্বীকারপত্রসমূহ জমাকরণ (২ দিন)	নথিতে উপস্থাপন (১ দিন)
নথিতে উপস্থাপন (১ দিন)	সিদ্ধান্ত গ্রহণ (১ দিন)
সিদ্ধান্ত গ্রহণ (১ দিন)	ভাউচার ও ইএফটি সিট প্রস্তুতকরণ এবং অনুমোদন (২-৩ দিন)
ভাউচার প্রস্তুতকরণ ও অনুমোদন (২-৩ দিন)	ব্যাংকের মাধ্যমে ইএফটিকরণ (১ দিন)
চেক, চেক রিজিস্ট্রার ও চিঠি প্রস্তুতকরণ (৩ দিন)	
পত্রযোগে চেক প্রেরণ (৩-৭ দিন)	
চেক গ্রহণ ও ব্যাংকে জমাকরণ (১-৩ দিন)	
ব্যাংক হতে চেকের মাধ্যমে অর্থ উত্তোলন (১ দিন)	

  
২৪/০৭/২০

## বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা

সেবাটি সহজিকরণের তুলনামূলক পার্থক্য


বিষয়	গতানুগতিক পদ্ধতিতে সেবা প্রদান (সেবা গ্রহিতার দৃষ্টিভঙ্গি)	সহজিকরণের পর	Benefit
সময়	১৮-২৪ দিন	৮-৯ দিন	৯-১৫ দিন সময় সাশ্রয়
ব্যয় (কাউন্সিলের)	$৭০.০০ * ৩,০০০.০০ = ২,১০,০০০.০০$	-	চেকবই, ডাক খরচ, যাতায়াত ও অন্যান্য প্রতিটি ৭০.০০ টাকা হারে ৩০০০ জনের জন্য ২,১০,০০০.০০
ব্যয় (অংশ গ্রহণকারীগণের)	চেকবই, ব্যাংক ও ডাকঘরে যাতায়াত ৬০.০০ টাকা	-	৬০.০০ টাকা
যাওয়া-আসা	১-২ বার	প্রয়োজন নেই	যাতায়াতের ব্যয় ও পরিশ্রম হ্রাস
ধাপ	১১ ধাপ	০৭ ধাপ	৪ ধাপ

স্টেকহোল্ডার/বেনিফিসিয়ারি:

দেশের বিশ্ববিদ্যালয়সমূহের উচ্চশিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানের শিক্ষকগণ।

কাউন্সিলের ওয়েব সাইট লিংক

[https://docs.google.com/forms/d/e/1FAIpQLSePjO-ElygX\\_RoND6hI4IYqAHINA1Egfsqzq\\_dfkZ\\_uQWkhkA/viewform](https://docs.google.com/forms/d/e/1FAIpQLSePjO-ElygX_RoND6hI4IYqAHINA1Egfsqzq_dfkZ_uQWkhkA/viewform)



*Handwritten signature and date: ২৪/০২/২২*



# BANGLADESH ACCREDITATION COUNCIL

51-52, Mohakhali C/A, Dhaka-1213

Finance and Accounts Division

Email: bac.gov.bd@gmail.com, Phone: 48811139

The AGM, Sonali Bank Ltd. Mohakhali C/A, Dhaka-1212. Please ensure the Workshop Honorarium of our organization according to the following information.

Financial Year: -----

Date:-----

Account Name: Bangladesh Accreditation Council

Routing No:-----

Name	Motivational Workshop on Quality Assurance and Accreditation in Higher Education	Date: -----	Account Name: -----	Routing No:-----	Receiver's Name	Amount	Rem	
Sl. No.	Receiving Bank	District	Receiving Branch	Routing Number	Receiver's Account Number	Receiver's Name	Amount	Rem
1								
2								
3								
4								
5								
6								
7								
8								
9								
10								
Total Taka								

Personal Officer

Assistant Director

Deputy Director

Secretary(BAC)

Member(Finance, Planning & ICT)

Chairman(BAC)